

যুক্তরাষ্ট্রে গির্জার বাইরে হামলা, নিহত ৩

শুক্রবার, ৩ জুন, ২০২২



যুক্তরাষ্ট্রের আইওয়া অঙ্গরাজ্যের একটি গির্জার বাইরে পার্কিং লটে দুই নারীকে গুলি করে হত্যা করা হয়েছে। গুলি চালানোর পরে অস্ত্রধারী নিজেই আত্মহত্যা করেছেন। ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়েছে।

রয়টার্স জানায়, গতকাল বৃহস্পতিবার আইওয়ার এইমস শহরের কর্নারস্টোন চার্চে এ হামলার ঘটনা ঘটে। তখন গির্জার ভেতরে একটি অনুষ্ঠান চলছিল। বাইরে এ ঘটনা ঘটে। স্টোরি কাউন্টির ডেপুটি শেরিফ নিকোলাস লেনি জানান, কর্নারস্টোন চার্চে হামলার খবর পাওয়ার পর তৎক্ষণাৎ পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। তখন চার্চের বাইরে ৩ জন মৃত অবস্থায় পড়ে ছিল। নিহতদের পরিচয় জানা যায়নি। নিহতদের মধ্যে কি সম্পর্ক ছিল তাও এখনও জানা যায়নি। ওই একই দিন যুক্তরাষ্ট্রের উইসকনসিনের রেসিন সমাধিস্থলে শেষকৃত্যের অনুষ্ঠানে অজ্ঞাত ব্যক্তির গুলিতে ২ জন আহত হন।

::

বৃহস্পতিবার প্রেসিডেন্ট জো বাইডেন ঘটে যাওয়া সাম্প্রতিক সহিংসতা নিয়ে ভাষণ দেন। নিউ ইয়র্কের বাফেলো, টেক্সাসের ইউভালডে এবং ওকলাহোমার টুলসায় একের পর এক বন্দুক হামলার ঘটনায় জো বাইডেন বলেন, যথেষ্ট হয়েছে। তার ভাষণের পরপরই এ হামলার ঘটনা ঘটে। ভাষণে হামলাকারীদের ইতিহাস খতিয়ে দেখার অনুরোধ করেন তিনি। যুক্তরাষ্ট্রে বন্দুক হামলা এখন নিয়মিত ঘটনা হয়ে দাঁড়িয়েছে। অনেক ব্যবস্থা সত্ত্বেও বন্দুক আইন নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না। জো বাইডেন অস্ত্র নিয়ন্ত্রণের পদক্ষেপ জোরদার করার জন্য ;কংগ্রেসের প্রতি আহ্বান জানান।;